



**2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC-501T/368**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020
held in March, 2021**

BENGALI

(5th Semester)

Course No. : BNGHCC-501T

(বিশ শতকের বাংলা সাহিত্য—২)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্স্ফু সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) বিষ্ণু দে-র কবিতায় কোন্ পাশ্চাত্য কবির প্রভাব
পড়েছে? ‘ঘোড়সওয়ার’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের
অন্তর্গত? ১+১=২

(খ) সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী এবং এর
প্রকাশকাল কত? ১+১=২

(গ) শক্তি চট্টোপাধ্যায়ের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ২

(ঘ) শূন্যস্থান পূর্ণ করো : ২

“স্বপ্ন নয়, কোন এক _____ কাজ করে!
_____ নয়—শান্তি নয়—ভালোবাসা নয়।”



(2)

- (ঙ) 'অশনি-সংকেত' উপন্যাসটির প্রকাশকাল এবং কোন্ পত্রিকায় তা প্রথম প্রকাশিত হয়েছে, লেখো। ১+১=২
- (চ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা তোমাদের পাঠ্য উপন্যাস ছাড়া অন্য দুটি উপন্যাসের নাম লেখো। ২
- (ছ) অনঙ্গ-বৌয়ের ছেলে দুটির নাম লেখো। ২
- (জ) "দূর! রেখে দাও ওদের সব গাঁজাখুরি কথা। চাল পাওয়া যাবে না, নুন পাওয়া যাবে না. তবে দুনিয়া পৃথিমে লোক বাঁচতে পারে ককখনো?" কে, কাকে এই উক্তি করেছে? ১+১=২
- (ঝ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাসের নাম কী? তাঁর স্বদেশচেতনামূলক একটি উপন্যাসের নাম লেখো। ১+১=২
- (ঞ) নিতাই কোন্ বংশের ছেলে ছিল? কে তাকে 'জাত-বংশ' তুলে তীক্ষ্ণতম ব্যঙ্গের আঘাতে বিদ্ধ করেছে? ১+১=২
- (ট) কোন্ রেলস্টেশনে, কোন্ নাচের দলের সঙ্গে কবির সম্পর্ক ঘটেছিল? ১+১=২
- (ঠ) "চাঁদ তুমি আকাশে থাক আমি তোমায় দেখব খালি।" কাকে লক্ষ্য করে, কে এই গানটি গেয়েছিল? ১+১=২
- (ড) 'সাজানো বাগান' নাটকটি কত খ্রিস্টাব্দে, কোথায় প্রথম অভিনীত হয়েছিল? ১+১=২
- (ঢ) মনোজ মিত্রের লেখা তোমাদের পাঠ্য নাটক ছাড়া অন্য দুটি পূর্ণাঙ্গ নাটকের নাম লেখো। ২

10-21/270

(Continued)

(3)

- (গ) "এ শালার বগলে বৌ ... ও শালার বগলে নারকেল! ... দুই গুয়ের ব্যাটায় মিলে এই সন্বেবেলা আমাকে কি দোটোনায় ফেলল রে!" কার উক্তি? এখানে 'বৌ' বলতে কাকে বোঝানো হয়েছে? ১+১=২
- (ত) "এখনও বাগান সাজাচ্ছে! গাছ পুঁতছো! ও গাছের ফল খাবে কে?" কে, কাকে এই কথা বলেছিল? ১+১=২
- (থ) মহাশ্বেতা দেবী সাহিত্য জগতে কোন্ ছদ্মনামে আত্মপ্রকাশ করেন? তাঁর সম্পাদিত পত্রিকাটির নাম কী? ১+১=২
- (দ) মহাশ্বেতা দেবীর 'ভাত' গল্পটি কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? ১+১=২
- (ধ) 'সংরক্ষণ' গল্পে কোন্ গাছের গন্ধে যুথপতি আক্রোশে উদ্ভাদ হয়ে যায়? এই গল্পে কোন্ উপজাতির কথা উল্লিখিত হয়েছে? ১+১=২
- (ন) "কঙ্কালের গলা থেকে অতি যত্নে ও রূপোর হারটা খুলল।" এই কঙ্কালের পরিচয় কী? কোন্ স্যাকরা এই হারটি গড়েছিল? ১+১=২

SECTION—B

- যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০
- ২। "‘যোড়সওয়ার’ কবিতাটিতে রয়েছে ‘বিদ্রোহ-প্রেম-প্রত্যাশা’র বহুমাত্রিক ব্যঞ্জনা।" আলোচনা করো।
- ৩। "সকল লোকের মাঝে ব'সে আমার নিজের মুদ্রাদোষে আমি একা হতেছি আলাদা?" যুগের সংশ্লিষ্ট মানবাত্মার একাকিত্ব থাকার যন্ত্রণা জীবনানন্দের 'বোধ' কবিতা অবলম্বনে আলোচনা করো।

10-21/270

(Continued)



- ৪। মন্বন্তরের যে নির্মম বাস্তবচিত্র ‘অশনি-সংকেত’ উপন্যাসে আলোকচিত্রের মতো ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় বিবৃত করো।
- ৫। ‘অশনি-সংকেত’ উপন্যাসের নামকরণের সার্থকতা যুক্তি সহকারে বিচার করো।
- ৬। “অন্ত্যজ শ্রেণির নিতাইয়ের কবি হয়ে ওঠার কাহিনিই তারাশঙ্করের ‘কবি’ উপন্যাসের মূল বিষয়বস্তু।” আলোচনা করো।
- ৭। ‘কবি’ উপন্যাসে ব্রাত্য জীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।
- ৮। ‘সাজানো বাগান’ নাটকের বাঞ্জারাম চরিত্রটি নাট্যগুণ-সম্বিত চরিত্র কিনা আলোচনা করে দেখাও।
- ৯। “‘সাজানো বাগান’ এমন একটি নাটক যেখানে বক্তব্যের অন্তঃসলিলা স্রোতে ভাসতে ভাসতে দর্শকের মনে অজান্তেই গভীর ভাব প্রোথিত হয়।” ‘সাজানো বাগান’ নাটক অবলম্বনে সমালোচকের এই বক্তব্য বিশদ করো।
- ১০। “লছমন সিং ও দুলন গঞ্জু—এই দুটি বিপরীত চরিত্রের দ্বন্দ্ব-সংঘাতকে কেন্দ্র করে ‘বিছন’ গল্পের কাহিনি গড়ে উঠেছে।” আলোচনা করো।
- ১১। একদিকে পিতৃত্বের আশা-আকাঙ্ক্ষা, অন্যদিকে রাজনৈতিক চক্রান্তে গড়ে ওঠা বিপন্নতা—এই দুই সম্মিলিত সংঘাতে দশরথের মর্মদাহ ‘পিণ্ডান’ গল্প অবলম্বনে আলোচনা করো।
